



## উপজেলা পরিক্রমা রাজবাড়ী সদর

রাজবাড়ী (সংবাদদাতা)।— ফেব্রুয়ারী পদ্মাবিধৌত রাজবাড়ীর পশ্চিমে পাংশা উপজেলা, উত্তরে বেড়া উপজেলা, পূর্বে ফরিদপুর সদর উপজেলা ও গোয়ালন্দ উপজেলা এবং দক্ষিণে বালিয়াকান্দি উপজেলা অবস্থিত। নবাব সিরাজ-উদ-দৌলার শাসন আমলের রাজা সূর্য কুমারের নাম অনুসারে থানার নামকরণ হয় রাজবাড়ী। তদানীন্তন আমলের মহা প্রতাপশালী রাজা সূর্য কুমারের বসতবাড়ীর ধ্বংসাবশেষ এখনো বিদ্যমান। রাজবাড়ী সদর উপজেলার আয়তন ১০৭ বর্গমাইল। ১২টি ইউনিয়ন ও ১টি পৌরসভা। মোট লোকসংখ্যা ২,০০,০১৫ জন (১৯৮১ সালের আদমশুমারী অনুযায়ী)। তন্মধ্যে পুরুষ ১,০২,৬৮৯ জন এবং মহিলা ৯৭,৩২৬ জন। প্রতি বর্গমাইলে লোকসংখ্যার ঘনত্ব ১৮৬৯ জন ও মৌজা সংখ্যা ১৮৪টি।

**পরিসংখ্যান**  
রাজবাড়ী সদর উপজেলার বিভিন্ন রাস্তা সংস্কারের অভাবে জনসাধারণকে দুর্ভোগ পোহাতে হচ্ছে। এই উপজেলায় মোট রাস্তার দৈর্ঘ্য ২০২ মাইল, পাকা ১৬ মাইল, কাঁচা ১৭৮ মাইল ও ইট বিছানো ৮ মাইল। নদী ২টি, হাটবাজার ১৮টি। রেলপথ ১৪ মাইল ও রেল স্টেশন ৫টি। পোস্ট অফিস ১৬টি, প্রেস ক্লাব ১টি, স্টেডিয়াম ১টি, সূতা কল ১টি।

**শিক্ষা**  
এ উপজেলায় শিক্ষিতের হার ১৯.৩৭%। একটি সরকারী ও একটি বেসরকারী মহাবিদ্যালয় আছে। এই উপজেলায় কোন সরকারী মাধ্যমিক উচ্চ বিদ্যালয় নেই। উপজেলায় ১৫টি বেসরকারী উচ্চ মাধ্যমিক, ৭টি বেসরকারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ৭০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ১১টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় এবং ২টি ইসলামী কিন্ডারগার্টেন রয়েছে। মাদ্রাসা ২৬টি এবং এর মধ্যে ৪টি সিনিয়র মাদ্রাসাও রয়েছে। অধিকাংশ মাদ্রাসার অবস্থা করুণ।

**যোগাযোগ**  
উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুবই অনুরত। বিভিন্ন জেলা ও উপজেলায় সহিত যোগাযোগের পাকা রাস্তাগুলো সংস্কারের অভাবে চলাচলের অযোগ্য। রেল লাইনের বিভিন্ন স্থানে পাথর ও ভাল স্লিপারের অভাবে ট্রেন খুবই ধীর গতিতে চলাচল করে। এ ছাড়া প্রয়োজন মতো রাস্তাঘাট, পুল, কালভার্ট নির্মাণ এবং সংস্কারের অভাবে উপজেলা বাসীদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে।

কমি  
এখনও রাজবাড়ী সদর উপজেলা কৃষি ক্ষেত্রে অনেক অনগ্রসর। অত্র উপজেলায়